172

আজকের কাগজ

তারিখ 2 2·0CT 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭

এইচএসসি'র ফলাফল

# ঢাকায় মেয়েরা এগিয়ে, কুমিল্লায় ছেলেরা

সুমন ইসলাম ঃ ঢাকা বোর্ডের সরকারি ও বেসরকারি কলেজগুলোর প্রাধান্যের ফলে এ বোর্ডের অধীন ক্যাডেট কলেজগুলোর পাত্তা পাওয়া না গেলেও কুমিল্লা বোর্ডের অধীন ক্যাডেট কলেজগুলো খুবই ভালো ফলাফল করেছে। গতকাল এই দু'বোর্ডের পৃথক পৃথকভাবে ঘোষিত এইচএসসি পরীক্ষার ফলাফল বিশ্লেষণে এ তথ্য জানা গেছে।

ঢাকা বোর্ডে বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় যে ২৯ জন পরীক্ষার্থী নিজেদের অবস্থান নিশ্চিত করেছে তাদের মধ্যে ১৪ জনই ঢাকা কলেজের ছাত্র। তারা ১, ২, ৩, ৫, ৬, ৭ ও ১০ সহ ১৪টি আসন দখল করে। এছাড়া দ্বিতীয় অবস্থানে আছে ভিকারুন্নেসা নুন কলেজ। তারা ৪, ৫, ৯ ও ১০ সহ ৭টি আসন পেয়েছে। অন্যান্য কলেজের সঙ্গে ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ ও মির্জাপুর ক্যাডেট কলেজ ১টি করে স্থান পেয়েছে এ বিভাগে।

মানবিক বিভাগেও ঢাকা কলেজ সর্বোচ্চ ৯টি স্থান পেয়েছে। যদিও এ বিভাগে ১ম স্থানটি পেয়েছে রাইফেল পাবলিক কলেজ। ভিকারুন্নিসা নুন কলেজ পেয়েছে ৭টি এবং সৈয়দ আবুল হোসেন কলেজ ৩টি স্থান দখল করেছে। এ বিভাগের সম্মিলিত মেধা তালিকায় মোট ২৮ জন পরীক্ষার্থী তাদের স্থান করে নিতে পেরেছে। অন্যান্য কলেজ বাকি আসনগুলো পেয়েছে। শুধুমাত্র ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ এ বিভাগে ১টি স্থান পেয়েছে।

বাণিজ্য বিভাগে অত্যন্ত ভালো ফলাফল করেছে ঢাকা কমার্স কলেজ। তারা ১, ৩ ও ১০সহ মোট ১০টি স্থান অধিকার করেছে। দ্বিতীয় স্থানে রয়েছে ভিকারুন্নিসা কলেজ। তারা পেয়েছে ৫টি স্থান। কমার্সের জন্যে খ্যাত ঢাকা সিটি কলেজ ২ ও ৪সহ ৪টি স্থান দখল করেছে। এ বিভাগে সম্মিলিত মেধা তালিকায় ২৯ জন স্থান পেয়েছে। ঢাকা বোর্ডের বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে সম্মিলিত মেধা তালিকায় স্থান পাওয়া ছাত্র-ছাত্রীর সংখ্যা মোট ৮৬ জন।

কুমিল্লা বোর্ডে বিজ্ঞান বিভাগে ফৌজদারহাট ক্যাডেট কলেজ ১, ৩ ও ৫ সহ ৬টি স্থান পেলেও ২, ৪, ৫, ৮, ৯ ও ১০সহ মোট ১৩টি স্থান দখল করে শীর্ষ স্থানে আছে কুমিল্লা ক্যাডেট কলেজ। চট্টগ্রাম কলেজ ৫টি ও সিলেট ক্যাডেট কলেজ ৩টি স্থান দখল করেছে। এ বিভাগে সম্মিলিত মেধা তালিকায় স্থান পেয়েছে ৩২ জন ছাত্র-ছাত্রী।

মানবিক বিভাগে প্রথম স্থান দখল করেছে সিলেট ক্যাডেট কলেজ। যদিও ২, ৩, ৪, ৫, ৭, ৮ ও ১০সহ ১২টি স্থান দখল করে এ বোর্ডে সর্বোচ্চ স্থান পেয়েছে চট্টগ্রাম কলেজ। অন্যান্য কলেজ ২/১টি করে স্থান পেয়েছে। এ বিভাগে মেধা তালিকায় স্থান পেয়েছে ২১ জন ছাত্র-ছাত্রী।

বাণিজ্য বিভাগে সরকারি কমার্স কলেজ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজ ভালো ফলাফল করেছে। তারা উভয়েই ৪টি করে স্থান পেয়েছে। যদিও এ বিভাগে প্রথম স্থানটি পেয়েছে চট্টগ্রাম পাবলিক স্কুল এন্ড কলেজ। এরা মোট ৩টি স্থান দখল করেছে। এ বিভাগে সম্মিলিত মেধা তালিকায় অন্তর্ভুক্ত ছাত্রছাত্রীর সংখ্যা ২৪ জন। কুমিল্লা বোর্ডে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে সম্মিলিত মেধা তালিকায় স্থান পাওয়া ছাত্রছাত্রীর সংখ্যা ৭৭ জন।

ঢাকা বোর্ডে মেয়েরা ছেলেদের চাইতে ভালো ফলাফল করেছে। বিজ্ঞান বিভাগে ছেলেদের পাসের হার যখন ৬১.০২ শতাংশ তখন মেয়েদের হার ৬৪.২২ শতাংশ। মানবিক বিভাগে ছেলেরা ৩৩.১৬ ও মেয়েরা ৩৮.৪৩ শতাংশ এবং বাণিজ্য বিভাগে ছেলেদের পাসের হার যখন ৪৪.০৮ শতাংশ তখন মেয়েদের পাসের হার ৫৭.৬৩ শতাংশ। সম্মিলিত ছাত্রদের পাসের হার ৪২.০৪ শতাংশ আর মেয়েদের পাসের হার ৪৩.১৭ শতাংশ। কুমিল্লা বোর্ডে মেয়েরা সে তুলনায় তেমন ভালো করতে পারেনি। এ বোর্ডে বিজ্ঞান বিভাগে ছেলেদের পাসের হার ৬৭.২০ শতাংশ এবং মেয়েদের ৬৬.১৫ শতাংশ। মানবিক বিভাগে ছেলেদের ৪৫.০৮ এবং মেয়েদের ৪৪.৪৮ শতাংশ। কিন্তু বাণিজ্য বিভাগে ছেলেদের পাসের হার যখন ৫৫.৯৭ শতাংশ তখন মেয়েদের ৬৪.৩২ শতাংশ। অর্থাৎ বাণিজ্য বিভাগে মেয়েরা ছেলেদের চাইতে ভালো করেছে।